

২০২৫-২৬ অর্থবছরে উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতিঃ ভূপালী সরকার

প্রশাসক

উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।

সভার স্থানঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার দপ্তর, ঝিকরগাছা, যশোর।

সভার তারিখঃ ২৪/০৭/২০২৫ খ্রীঃ

সভার সময়ঃ বিকাল ৪:০০ ঘটিকা

উপস্থিতির তালিকাঃ সংযুক্ত (পরিশিষ্ট - ক তে)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সাধারণ সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনরূপ সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হয়। তিনি সদস্য সচিব উপজেলা প্রাণিসম্পদ অফিসার কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম সম্পর্কে বিস্তারিত উপস্থাপনের অনুরোধ জানান। সদস্য সচিব উপস্থিত সদস্যবৃন্দকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম বিস্তারিত তুলে ধরেন এবং বিগত সাধারণ সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্রমিক	বিগত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতির পর্যায়	পরবর্তী করণীয়
১	উপজেলা প্রাণিসম্পদ অফিসার তাঁর দপ্তরে আগত সেবাহীতাদের সুষ্ঠু চিকিৎসা ও সেবাদানের জন্য একটি আধুনিক এনিম্যাল শেড নির্মাণ করা হবে।	প্রশাসক, ঝিকরগাছা পৌরসভা হতে বাজেট বরাদ্দ সরবরাহ করা হয়েছে এবং শেড এর কাজ সমাপ্ত হয়েছে।	নির্মাণাধীন শেড গবাদিপ্রাণির চিকিৎসা প্রদানের জন্য ব্যবহৃত হবে।
২	চলতি ২০২৫-২৬ অর্থবছরের বাজেট চাহিদা বিবরণী প্রস্তুতকরণ	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসার এর কার্যালয়ের অনুকূলে আগামী ২০২৫-২৬ অর্থবছরের জন্য স্ব স্ব বাজেট চাহিদা বিবরণী অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।	প্রাপ্ত সকল বাজেট সঠিকভাবে ব্যয়পূর্বক বিল ভাউচার দপ্তরে সংরক্ষণ করতে হবে।
৩	মৎস্য চাষীদের বিনামূল্যে নিবন্ধন সংক্রান্ত	মৎস্য চাষীদের বিনামূল্যে নিবন্ধন এর জন্য মাইকিং, সচেতনতা সভা, মতবিনিময় সভা/সেমিনার ইত্যাদি আয়োজনের মাধ্যমে অগ্রহী করা হচ্ছে, এ ব্যাপারে স্থানীয় ইউনিয়ন পরিষদ ও সহযোগিতা করছে।	মৎস্য চাষীদের বিনামূল্যে নিবন্ধন কার্যক্রম জোরদার এর লক্ষ্যে কার্যক্রম চলমান থাকবে।

২। অন্যান্য আলোচ্য বিষয় সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা সার-সংক্ষেপ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কতৃপক্ষ/ব্যক্তি
১	চলতি ২০২৫-২৬ অর্থবছরের জন্য উন্নয়ন প্রকল্প প্রণয়ন।	সভায় উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, বর্তমানে গরুর এলএসডি (পক্স) ও ক্ষুরা রোগ এবং ছাগলের 'বোটল জ' রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে, এবং এগুলো মোকাবেলায় কঁার দপ্তরে বর্তমানে পর্যাপ্ত ঔষধ এবং ভ্যাক্সিন নেই। তাই উপজেলার এডিপি/পৌরসভার তহবিল হতে জরুরী কিছু ঔষধ এবং ভ্যাক্সিনের ব্যবস্থা করা প্রয়োজন। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভাকে অবহিত করেন যে, আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করে মৎস্য চাষের প্রক্রিয়াকে সহজ ও উন্নত করার মাধ্যমে মৎস্য খামার যান্ত্রিকীকরণ করা প্রয়োজন। এতে মাছের উৎপাদন বৃদ্ধি, সময় ও শ্রম সাশ্রয়, এবং মাছের গুণগত মান উন্নত করা	উপজেলা প্রাণিসম্পদ অফিসার এবং সিনিয়র উপজেলা মৎস্য অফিসার আলোচ্য বিষয়ের উপর প্রকল্প জমা দিবেন। প্রকল্প অনুমোদনের ব্যাপারে সার্বিক সহায়তার জন্য প্রশাসক, উপজেলা	প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, ও উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ঝিকরগাছা, যশোর।

		সম্ভব। মৎস্য খামারের আধুনিকীকরণের জন্য বিভিন্ন ধরনের যন্ত্রপাতি ও প্রযুক্তি ব্যবহার করা যেতে পারে, যেমন - স্বয়ংক্রিয় খাদ্য সরবরাহ ব্যবস্থা, অক্সিজেন সরবরাহ ব্যবস্থা, পানির গুণগত মান নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং রোগ নির্ণয় ও প্রতিরোধ ব্যবস্থা।	পরিষদ, বিকরগাছা, যশোর মহোদয় কে বিশেষভাবে অনুরোধ করা হয়।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, বিকরগাছা, যশোর।
২	প্রাণিসম্পদ দপ্তরের অভ্যন্তরীণ মাটি ভরাট, ড্রেণ নির্মাণ ও জনগণের চলাচলের রাস্তাটি সংস্কারকরণ	সাম্প্রতিক অতিবৃষ্টিতে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের অভ্যন্তরে পানি জমে তীব্র জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে যা নিরসনে পৌর প্রশাসক, বিকরগাছা, যশোর মহোদয় বিশেষভাবে ভূমিকা রেখেছেন কিন্তু যেহেতু এটি একটি নিয়মিত সমস্যা এবং ডেঙ্গুসহ বিভিন্ন সংক্রামক রোগ সৃষ্টির কারণ তাই এ অবস্থা থেকে পরিত্রাণ পেতে দপ্তরের অভ্যন্তরীণ মাটি ভরাট, ড্রেণ নির্মাণ ও জনগণের চলাচলের রাস্তাটি সংস্কার করা অতীব জরুরী।	এ ব্যাপারে সার্বিক সহায়তার জন্য পৌর প্রশাসক, বিকরগাছা, যশোর মহোদয় কে অনুরোধ করা হয়।	পৌর প্রশাসক, বিকরগাছা, যশোর। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, বিকরগাছা, যশোর।
৩	চায়না জাল উচ্ছেদে মোবাইল কোর্ট পরিচালনা	চায়না জাল উচ্ছেদে ৪টি মোবাইল কোর্ট করা হয়েছে, ৩৬৩০মিটার চায়না জাল ও ৪০মিটার নেট/ পাটা উচ্ছেদ ও আটককৃত জাল পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে।	এ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, বিকরগাছা, যশোর।

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



 (ডুপালী প্রকৌশল)
 প্রশাসক
 উপজেলা পরিষদ, বিকরগাছা, যশোর
 ও
 সভাপতি
 উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি

স্মারক নং: ৩৩.০১.৪১২৩.১০১.২৭.০১৯.২৪-৩৪০

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩২ বঃ
২৪ জুলাই ২০২৫ খ্রি:

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ১। উপজেলা নির্বাহী অফিসার, বিকরগাছা, যশোর।
- ২। উপজেলা কৃষি কর্মকর্তা, বিকরগাছা যশোর।
- ৩। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, বিকরগাছা, যশোর।
- ৪-৬। চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, হাজিরবাগ/শংকরপুর/বীকড়া ইউনিয়ন পরিষদ, বিকরগাছা, যশোর।
- ৭। দপ্তর নথি।


 ২৪/০৭/২৫
 (ডাঃ মাসুমা আর্থতার)
 উপজেলা প্রাণিসম্পদ অফিসার
 বিকরগাছা, যশোর।
 মেবাইল নম্বরঃ ০১৩২৪-২৮৯৭৪৭
 ই মেইলঃ ulojhikargacha@gmail.com
 ও
 সদস্য সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি
 বিকরগাছা, যশোর।